



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে A, B ও C ইউনিটের মেধাতালিকা প্রকাশ



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এর সভাপতিত্বে কেন্দ্রীয় ভর্তি কমিটির ৭ম সভা ৭ ডিসেম্বর ২০২১, মঙ্গলবার অনুষ্ঠিত হয়।

সভায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে A, B এবং C ইউনিটে ভর্তিচ্ছু আবেদনকারী শিক্ষার্থীদের মেধাতালিকা প্রকাশ করা হয়েছে। মেধাতালিকাসহ বিস্তারিত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<http://admission.jnu.ac.bd> এবং www.jnu.ac.bd) পাওয়া যাচ্ছে।

এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, পরিচালক (ছাত্র-কল্যাণ), পরিচালক (আইসিটি) সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

A ইউনিটে ২৩,৯৫৫ (তেইশ হাজার নয়শত পঞ্চাশ) জন, B ইউনিটে ৯,৯৪০ (নয় হাজার নয়শত চল্লিশ) জন এবং C ইউনিটে ৭,৭৬২ (সাতহাজার সাতশত বাষট্টি) জন ভর্তিচ্ছু আবেদনকারী শিক্ষার্থীদের মেধাতালিকা প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য আগামীকাল ৮ ডিসেম্বর নির্ধারিত আসনে ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ১ম মেধা তালিকা প্রকাশ করা হবে।